

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 26-12-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

PM Lucknow :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, বিগত ১১ বছরে তাঁর সরকার কোনো বৈষম্য ছাড়াই সবাইকে বিভিন্ন প্রকল্পের সুবিধা দিচ্ছে, যা প্রশাসনের প্রকৃত রূপ এবং প্রকৃত ধর্মনিরপেক্ষতা। প্রধানমন্ত্রী বলেন, সরকারি প্রকল্পগুলোর শতভাগ বাস্তবায়নই তাঁর সরকারের মূল লক্ষ্য এবং এখন কোটি কোটি দরিদ্র নাগরিক এর সুবিধা পাচ্ছেন। প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ীর ১০১তম জন্মবার্ষিকী উপলক্ষে লখনউতে এক জনসভায় একথা বলেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী স্বাধীন ভারতের বিশিষ্ট ব্যক্তিত্বদের অবদানকে সম্মান জানাতে লখনউতে গড়ে তোলা 'রাষ্ট্র প্রেরণা স্থলে'র-ও উদ্বোধন করেন। এই উপলক্ষে ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ীকে স্মরণ করে প্রধানমন্ত্রী বিশেষভাবে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার কথা উল্লেখ করে বলেন, ২০০০ সালের পর এই প্রকল্পের অধীনে ৮ লক্ষ কিলোমিটারেরও বেশি রাস্তা নির্মিত হয়েছে, যার মধ্যে ৪ লক্ষ কিলোমিটার রাস্তা শুধুমাত্র গত ১১ বছরেই তৈরি হয়েছে।

CM-Kala utsab :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা জাতীয় কলা উৎসবে লোকনৃত্য রাজ্যের হজাগিরি নৃত্য তৃতীয় স্থান অধিকার করায় রাজ্যের শিল্পীদের অভিনন্দন জানিয়েছেন। তিনি এক বার্তায় জানান, শিল্পীদের অসাধারণ শিল্পকলা, ভারসাম্য ও পারদর্শিতা রাজ্যের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যকে তুলে ধরেছে, যা রাজ্যের জন্য অত্যন্ত গৌরবের।

প্রসঙ্গত উল্লেখ্য, জাতীয় কলা উৎসবে রাজ্যের পক্ষে হজাগিরি লোকনৃত্য পরিবেশন করে গোমতী জেলার চন্দ্রপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিল্পা রিয়াং, সানিটা রিয়াং, সিলুতা রিয়াং এবং পারমৈতি রিয়াং।

Atal Smriti Sammelan :

প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর জন্মজয়ন্তী উপলক্ষ্যে গতকাল ঊনকোটি জেলার ফটিকরায়ে নজরুল কলাকেন্দ্রে অনুষ্ঠিত হয় "অটল স্মৃতি সম্মেলন→ BJP'র ফটিকরায় মন্ডল কমিটির আয়োজিত এই কর্মসূচিতে মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস অটল বিহারী বাজপেয়ীর জীবনাদর্শ নিয়ে আলোচনা করেন।

Atal Kobita Utsab :

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে তৃতীয় রাজ্যভিত্তিক অটল কবিতা ও সাহিত্য উৎসব গতকাল ধর্মনগরে বিবেকানন্দ সার্থশতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সূচনা করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা। অটল কবিতা ও

সাহিত্য উৎসব রাজ্যের আটটি জেলা থেকে ২৫০ জন কবি এবং সাহিত্যিক অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে ডা: অতুল দেববর্মা কে অটল বিহারী বাজপেয়ী আজীবন স্মৃতি পুরস্কারে ভূষিত করা হয়।

Railways-fare structure:

যাত্রীদের জন্য সশ্রয়ী মূল্য এবং রেল পরিষেবার কার্যকারিতা বজায় রাখার লক্ষ্যে রেলওয়ে আজ থেকে তার যাত্রী ভাড়ার কাঠামোকে যুক্তিসঙ্গত করেছে। সংশোধিত ভাড়া কাঠামো অনুসারে, শহরতলির পরিষেবা এবং সিজন টিকিটের ভাড়ায় কোনো পরিবর্তন করা হয়নি, যার মধ্যে শহরতলি এবং শহরতলির বাইরের উভয় রুটের টিকিটই অন্তর্ভুক্ত। সংশোধিত ভাড়া শুধুমাত্র আজ বা তার পরে বুক করা টিকিটের জন্য প্রযোজ্য হবে। এর আগে বুক করা টিকিটের জন্য কার্যকর তারিখের পরে যাত্রা করা হলেও কোনো অতিরিক্ত চার্জ লাগবে না। রেলওয়ে মন্তব্য জানিয়েছে, রিজার্ভেশন ফি, সুপারফাস্ট সার্চার্জ বা অন্যান্য আনুষঙ্গিক চার্জ কোনো পরিবর্তন করা হয়নি, যা বিদ্যমান নিয়ম অনুযায়ী ধার্য করা হবে।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮শে ডিসেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৯তম পর্ব। প্রধানমন্ত্রী

জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

PM-sansad-khel-mahotsav :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতীয় ক্রীড়াবিদরা ধারাবাহিকভাবে রেকর্ড ভাঙছেন এবং বিশ্ব ক্রীড়া মানচিত্রে দেশের জন্য একটি নতুন পরিচয় প্রতিষ্ঠিত করছেন। প্রধানমন্ত্রী গতকাল ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে দেশব্যাপী সাংসদ খেল মহোৎসবের সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে একথা বলেন। তিনি বলেন, ভারত ২০৩৬ সালের অলিম্পিক আয়োজনের জন্যও চেষ্টা চালাচ্ছে। সাংসদ খেল মহোৎসবকে একটি গণআন্দোলন হিসাবে বর্ণনা করেন প্রধানমন্ত্রী।

SAMSAD KHEL :

রাজ্যে সাংসদ খেল মহোৎসবের সমাপ্তি অনুষ্ঠানটি হয় বাধারঘাটের দশরথ দেব স্টেট স্পোর্টস কমপ্লেক্সে। সেখানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভার্যুয়াল ভাষণ সরাসরি দেখানো হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা,

সাংসদ বিপ্লব কুমার দেব, ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, বিধায়ক মিনা রানি সরকার, মেয়র দীপক মজুমদার প্রমুখ উপস্থিত ছিলেন।

Bijay Marchant TROPHY :

বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলায় গতকাল ত্রিপুরা ৯ উইকেটে চন্ডিগড়কে পরাজিত করেছে। কর্ণাটকের শিমোগার জে এন এন কলেজ মাঠে তৃতীয় তথা শেষ দিনে ৭ উইকেটে ২৯৪ রান থেকে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ৩২৬ রান করে। ৭৩ রানে পিছিয়ে থেকে চন্ডিগড় দ্বিতীয় ইনিংসে দিনের শেষে সবকটি উইকেট হারিয়ে ৮৪ রান করতে সক্ষম হয়। জয়ের জন্য ১২ রানের লক্ষ্যে নেমে রাজ্যদল ১ উইকেট হারিয়ে প্রয়োজনীয় রান তুলে নেয়। উল্লেখ, চন্ডিগড় প্রথম ইনিংসে ২৫৩ রান করেছিল।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। ভোরের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। রাজ্যের পাঁচ জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার পূর্বাভাস রয়েছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪.১ ডিগ্রি সেলসিয়াস।
